321

দৈনিক সংবাদ

তারিখ FEB. 03 1999
পৃষ্ঠা কলাম

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সমীপে

বি. এড কোর্স পাস করে এম. এড কোর্সে ভর্তি হওয়া যায় কিন্তু পরিতাপের বিষয় যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাননীয় মহাপরিচালকের আদেশ মতে বি. পি. এড কোর্স পাস করে এম. এড কোর্সে ভর্তি হওয়া যায় না। শিক্ষাক্ষেত্রে বি, এড এবং বি. পি, এড কোর্স সমপর্যায়ের। বিশেষ করে এ দুই কোর্সের মধ্যে প্রায় বিষয়ই মিল আছে। তা সত্ত্বেও বি. পি, এড কোর্সে পাস করার পর এম. এড কোর্সে ভর্তির জন্য সুযোগ দেয়া হয় না। তাছাড়া কয়েক বছর- পূর্বেও বর্তমানের মত এ নিয়ম ছিল না। পূর্বে বি, পি, এড কোর্স পাস করলে এম, এড কোর্সে ভর্তি হওয়া যেত। ফলে বি. পি, এড কোর্স অর্জনকারীদের এম, এড কোর্স করতে না পারায় মনে ক্ষোভের সঞ্চার হয়েছে। এদেশে এম, পি, এড কোর্স চালু করার ব্যবস্থাও নেই। তাই বি, পি, এড কোর্স পাস করলে এম, এড কোর্সে ভর্তি হওয়া যেত। ফলে বি, পি, এড কোর্স অর্জনকারীদের এম, এড কোর্স করতে না পারায় মনে ক্ষোভের সঞ্চার হয়েছে। এদেশে এম, পি, এড কোর্স চালু করার ব্যবস্থাও নেই। তাই বি, পি, এড কোর্স অর্জনকারীদের এম, এড কোর্সে ভর্তি হওয়ার অনুমতি প্রদান করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাননীয় মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ দিদারুল আলম
মালিবাগ, ঢাকা।